[redacted]

[redacted]

[redacted]

[

কুষ্টিয়ার মিরপুরে র্যাবের অভিযানে ইয়াবাসহ আটক ৩

কুষ্টিয়ার মিরপুর উপজেলায় র্যাব-১২ এর অভিযানে তিন মাদক কারবারিকে আটক করা হয়েছে। এ সময় তাদের কাছ থেকে ১৩৫ পিস ইয়াবা ও ১৬ পিস টাপেন্টাডল ট্যাবলেট উদ্ধার করা হয়।

গতকাল বুধবার (১০ জুন) বিকেলে উপজেলার বারুইপাড়া ইউনিয়নের বলিদাপাড়া এলাকায় এ অভিযান পরিচালনা করা হয়। রাতে র্যাব-১২ কুষ্টিয়া ক্যাম্পের পাঠানো এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়।

র্যাব জানায়, গোপন সংবাদের ভিত্তিতে বলিদাপাড়া এলাকার নাসিমা খাতুনের বাড়িতে অভিযান চালানো হয়। অভিযানের সময় ওই বাড়ি থেকে ১৩৫ পিস ইয়াবা ও ১৬ পিস টাপেন্টাডল ট্যাবলেটসহ তিনজনকে আটক করা হয়।

আটককৃতরা হলেন, বলিদাপাড়া গ্রামের সুলতান হোসেনের ছেলে দিপু হোসেন (৩০), বদর উদ্দিন মালিথার ছেলে চাঁদ আলী মালিথা (৪৫) এবং গোপালপুর গ্রামের বাহার আলী মল্লিকের ছেলে শামীম মল্লিক (৩৫)।

তবে অভিযানের সময় বাড়ির মালিক নাসিমা খাতুন কৌশলে পালিয়ে যান বলে জানিয়েছে র্যাব।

র্যাবের দাবি, আটক ব্যক্তিরা দীর্ঘদিন ধরে এলাকায় মাদকদ্রব্য ক্রয়-বিক্রয় ও সরবরাহের সঙ্গে জড়িত ছিলেন। উদ্ধারকৃত মাদকদ্রব্য জব্দ করা হয়েছে।

এ ঘটনায় পলাতক নাসিমা খাতুনসহ আটক তিনজনের বিরুদ্ধে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে মিরপুর থানায় মামলা দায়ের করা হয়েছে।
র্যাব-১২ জানায়, মাদকবিরোধী অভিযান অব্যাহত থাকবে এবং মাদক নির্মূলে তাদের তৎপরতা আরও জোরদার করা হবে।

ঝিনাইদহে ইয়াবা ও উইনকোরেক্সসহ দুই মাদক কারবারি আটক

ঝিনাইদহের কালীগঞ্জে ইয়াবা ও উইনকোরেক্সসহ দুই মাদক কারবারিকে আটক করেছে পুলিশ।

শনিবার (৬ জুন) দুপুরে উপজেলার বালিয়াডাঙ্গা এলাকা থেকে তাদের আটক করা হয়।

আটককৃতরা হলেন, কালীগঞ্জ থানার বানুরিয়া গ্রামের মৃত ইলাহী মণ্ডলের ছেলে জীবন মণ্ডল (৩২) এবং বালিয়াডাঙ্গা গ্রামের আলতাফ মণ্ডলের ছেলে সুজন আহমেদ (২৫)।

পুলিশ জানায়, বালিয়াডাঙ্গা গ্রামে সুজন আহমেদের বাড়িতে মাদক কেনাবেচা হচ্ছে এমন সংবাদের ভিত্তিতে দুপুরে সেখানে অভিযান চালায় পুলিশ। এ সময় জীবন ও সুজনকে আটক করা হয়। পরে তাদের বাড়িতে তল্লাশি চালিয়ে ৩২২ পিস ইয়াবা ও ১৯ বোতল উইনকোরেক্স উদ্ধার করা হয়।

ঘটনার সত্যতা নিশ্চিত করে কালীগঞ্জ থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) জেল্লাল হোসেন বলেন, আটককৃতদের বিরু

মহেশপুরে অস্ত্র ও গুলিসহ একজন আটক

ঝিনাইদহের মহেশপুর উপজেলার সীমান্তবর্তী এলাকায় অভিযান চালিয়ে মো. রফিকুল ইসলাম নামের এক ব্যক্তিকে বিদেশি পিস্তল ও ম্যাগাজিনসহ আটক করেছে মহেশপুর ব্যাটালিয়ন (৫৮ বিজিবি)।

আটককৃক রফিকুল ইসলাম মহেশপুর উপজেলার নেপা বাঘাডাঙ্গা গ্রামের

শামসুল মন্ডলের ছেলে।

বিজিবি সূত্রে জানা যায়, বুধবার সকালে মহেশপুর ব্যাটালিয়ন (৫৮ বিজিবি)-এর অধীনস্থ বাঘাডাঙ্গা বিওপির একটি নিয়মিত টহল দল সীমান্ত পিলার ৬০/৪১-আর থেকে প্রায় ৬০০ গজ বাংলাদেশের অভ্যন্তরে বাঘাডাঙ্গা বেনাপোড়া মাঠ এলাকায় অভিযান পরিচালনা করে।

অভিযানকালে মো. রফিকুল ইসলামকে তার ঘাসক্ষেত থেকে আটক করা হয়। এ সময় তার কাছ থেকে একটি বিদেশি পিস্তল এবং একটি ম্যাগাজিন উদ্ধার করা হয়।

মহেশপুর ব্যাটালিয়ন (৫৮ বিজিবি)-এর সহকারী পরিচালক মুন্সী ইমদাদুর রহমান এ তথ্য নিশ্চিত করেছেন।

তিনি জানান, উদ্ধারকৃত অস্ত্র ও ম্যাগাজিনসহ আটক ব্যক্তিকে আইনগত ব্যবস্থা গ্রহণের জন্য মহেশপুর থানায় হস্তান্তরের কার্যক্রম প্রক্রিয়াধীন রয়েছে।

মেহেরপুরের রাজনগরে প্রবাসীর স্ত্রীর ঘরে যুবক, আটক করলো এলাকাবাসী

মেহেরপুর সদর উপজেলার রাজনগর গ্রামে প্রবাসীর স্ত্রীর ঘরে রাতযাপনের অভিযোগে একরামুল ইসলাম নামে এক ব্যক্তিকে আটক করেছেন স্থানীয় গ্রামবাসী।

সোমবার সকাল ৭টার দিকে রাজনগর শেখপাড়ায় এ ঘটনা ঘটে। আটক একরামুল রাজনগর দক্ষিণপাড়ার আওয়াজ আলীর ছেলে এবং তিন সন্তানের জনক।

অভিযোগে উল্লেখ করা হয়েছে, সীমা খাতুন নামে এক গৃহবধূর বাড়ি থেকে তাকে আটক করা হয়। সীমা খাতুন ওমানপ্রবাসী শাহাবুল হকের স্ত্রী এবং এক সন্তানের জননী। তিনি চুয়াডাঙ্গার দামুড়হুদা উপজেলার ডুগডুগি গোহাটপাড়ার বজলুর রহমানের মেয়ে।

প্রত্যক্ষদর্শীরা জানান, রোববার রাত প্রায় ৯টার দিকে একরামুল গোপনে সীমা খাতুনের ঘরে প্রবেশ করেন। বিষয়টি টের পেয়ে কয়েকজন প্রতিবেশী সারারাত বাড়ির আশপাশে নজরদারিতে ছিলেন। সকালে একরামুলকে ঘর থেকে বের হতে না দেখে তারা ঘরে তল্লাশি চালান। একপর্যায়ে ঘরের একটি ওয়ারড্রোবের ভেতর থেকে তাকে আটক করা হয়।

ঘটনার খবর এলাকায় ছড়িয়ে পড়লে উৎসুক জনতার ভিড় জমে। পরে স্থানীয় লোকজন উভয় পরিবারের সদস্যদের খবর দেন। এদিকে প্রবাসী শাহাবুল হক মুঠোফোনে তার স্ত্রীকে গ্রহণ করতে অনাগ্রহ প্রকাশ করেছেন বলে স্থানীয় সূত্রে জানা গেছে।

দুপুরের দিকে গ্রাম্য সালিশ অনুষ্ঠিত হয়। সালিশে উভয় পরিবারের সদস্যদের উপস্থিতিতে একরামুল ও সীমা খাতুনকে তাদের পরিবারের জিম্মায় তুলে দেওয়া হয়।

স্থানীয় কয়েকজন বাসিন্দা দাবি করেন, এর আগেও একরামুলকে ওই বাড়িতে আসা-যাওয়ার ঘটনায় একাধিকবার সতর্ক করা হয়েছিল। তবে এ বিষয়ে তাদের বক্তব্যের স্বাধীন যাচাই করা সম্ভব হয়নি।

শেখপাড়ার বাসিন্দা ওয়াসিম আকরাম বলেন, “এর আগেও আমরা তাকে হাতেনাতে ধরেছিলাম। পরে ছেড়ে দেওয়ার পর একরামুল ওই নারীকে দিয়ে আমার বিরুদ্ধে একটি মামলা করিয়েছেন, যা বর্তমানে আদালতে বিচারাধীন রয়েছে।”

তবে এ ঘটনায় সংশ্লিষ্ট ব্যক্তিদের বক্তব্য এবং আইনশৃঙ্খলা বাহিনীর কোনো আনুষ্ঠানিক মন্তব্য পাওয়া যায়নি।

দামুড়হুদায় বৃদ্ধাকে ধর্ষণের অভিযোগে যুবক আটক

চুয়াডাঙ্গার দামুড়হুদায় ৭১ বছর বয়সী এক বৃদ্ধাকে ধর্ষণের অভিযোগে তরিকুল ইসলাম (২০) নামে এক যুবককে আটক করেছে দামুড়হুদা মডেল থানা পুলিশ।

অভিযুক্ত তরিকুল উপজেলার ইব্রাহিমপুর গ্রামের সিরাজুল ইসলামের ছেলে।

বিষয়টি নিশ্চিত করেছেন দামুড়হুদা মডেল থানার অফিসার ইনচার্জ (ওসি) শেখ মেসবাহ উদ্দিন।

অভিযোগ সূত্রে জানা যায়, গত ২০ মে বুধবার দুপুরে উপজেলার ইব্রাহিমপুর গুচ্ছগ্রামের বাসিন্দা ওই বৃদ্ধা মেয়ের বাড়ি রামনগর থেকে একা বাড়ি ফিরছিলেন। পথে ইব্রাহিমপুর উত্তরপাড়ার যুবক তরিকুল তাকে সাহায্যের কথা বলে সঙ্গে নেয়। পরে মেন্দের মাঠ এলাকায় (ইব্রাহিমপুর পার্কের পেছনে) নিয়ে গিয়ে তাকে জোরপূর্বক ধর্ষণ করা হয় বলে অভিযোগ করেন ভুক্তভোগী।

ঘটনার পর অভিযুক্তকে আটক করেছে পুলিশ। গতকাল সোমবার দামুড়হুদা থানায় মামলার প্রক্রিয়া চলছিল। এদিকে ঘটনাটি ধামাচাপা দিতে একটি মহল মীমাংসার চেষ্টা চালাচ্ছে বলেও অভিযোগ উঠেছে।

এ বিষয়ে ওসি শেখ মেসবাহ উদ্দিন বলেন, “ভুক্তভোগী বৃদ্ধা নিজেই বাদী হয়ে মামলা দায়ের করেছেন। আসামিকে গতকালই চুয়াডাঙ্গা আদালতে সোপর্দ করা হয়েছে।”

দর্শনায় সোয়া কোটি টাকার স্বর্ণের বারসহ ছাত্রলীগ নেতা আটক

চুয়াডাঙ্গার দামুড়হুদা উপজেলার দর্শনায় চোরাচালানবিরোধী অভিযান চালিয়ে ৬০০ গ্রাম স্বর্ণের বারসহ বাপ্পী (২৭) নামে এক ছাত্রলীগ নেতাকে আটক করেছে বিজিবি। গতকাল রোববার দুপুর ২টার দিকে ডুগডুগি কলোনিপাড়া এলাকা থেকে তাকে আটক করা হয়।

আটক বাপ্পী দর্শনা থানার পুরাতন বাজার এলাকার মৃত আবু সিদ্দিকীর ছেলে এবং নিষিদ্ধ ঘোষিত দর্শনা কলেজ ছাত্রলীগের সাবেক সাধারণ সম্পাদক।

বিজিবি সূত্রে জানা যায়, চুয়াডাঙ্গা ব্যাটালিয়ন (৬ বিজিবি)-এর অধিনায়ক লেফটেন্যান্ট কর্নেল মো. নাজমুল হাসানের নেতৃত্বে দর্শনা বিজিবি ক্যাম্পের সদস্যরা গোপন সংবাদের ভিত্তিতে ডুগডুগি কলোনিপাড়া এলাকায় অবস্থান নেয়। এ সময় একটি মোটরসাইকেলের গতিরোধ করলে বাপ্পী মোটরসাইকেল ফেলে পালানোর চেষ্টা করেন। পরে তাকে আটক করে দেহ তল্লাশি চালিয়ে ৫টি স্বর্ণের বার উদ্ধার করা হয়।

উদ্ধার হওয়া স্বর্ণের বারের আনুমানিক মূল্য ১ কোটি ২১ লাখ ৩৮ হাজার টাকা।

আটক বাপ্পী প্রাথমিক জিজ্ঞাসাবাদে জানান, স্বর্ণের বারগুলো ভারতে পাচারের উদ্দেশ্যে সীমান্ত এলাকায় নেওয়া হচ্ছিল।

দামুড়হুদা মডেল থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মেজবাহ উদ্দিন ঘটনার সত্যতা নিশ্চিত করেছেন। এ ঘটনায় থানায় একটি মামলা দায়ের করা হয়েছে।

চুয়াডাঙ্গায় ৪ কেজি রুপাসহ নারী চোরাকারবারি আটক

চুয়াডাঙ্গায় ৬ বিজিবি চোরাচালানবিরোধী অভিযান চালিয়ে ৪ কেজি ১০০ গ্রাম রুপাসহ দর্শনার এক নারী চোরাকারবারিকে আটক করেছে।

গতকাল বৃহস্পতিবার দুপুর ২টার দিকে চুয়াডাঙ্গা ব্যাটালিয়ন (৬ বিজিবি) এর অধিনায়ক লেফটেন্যান্ট কর্নেল মো. নাজমুল হাসানের নেতৃত্বে চুয়াডাঙ্গা রেলস্টেশন সংলগ্ন নান্টু রাজ সিনেমা হলের সামনে এ অভিযান পরিচালনা করা হয়।

এ সময় ৬ বিজিবির ভারপ্রাপ্ত কোয়ার্টার মাস্টার সহকারী পরিচালক মোহাম্মদ রাজ মাহমুদ বিশেষ টহলদল নিয়ে চুয়াডাঙ্গা রেলস্টেশনে অবস্থান নেন। গোপন সংবাদের ভিত্তিতে তারা জানতে পারেন, ঢাকা থেকে ট্রেনযোগে এক নারী চোরাকারবারি রুপার গহনা নিয়ে

চুয়াডাঙ্গায় আসছেন।

ট্রেন পৌঁছানোর পর সন্দেহভাজন নারী রিজিয়া (৬০) নান্টু রাজ সিনেমা হলের সামনে পৌঁছালে বিজিবি সদস্যরা তার দেহ তল্লাশি করে ছোট-বড় ১৮ পিস রুপার গহনা উদ্ধার করেন। উদ্ধারকৃত রুপার আনুমানিক ওজন ৪ কেজি ১০০ গ্রাম।

আটককৃত রুপার বাজারমূল্য প্রায় ২০ লাখ টাকা বলে জানিয়েছে বিজিবি।

আটক রিজিয়া দর্শনা পৌরসভার হল্টচাঁদপুর গ্রামের মৃত শাহজাহানের স্ত্রী।

এ বিষয়ে চুয়াডাঙ্গা সদর থানায় প্রয়োজনীয় আইনগত কার্যক্রম প্রক্রিয়াধীন রয়েছে।

আলমডাঙ্গায় ট্যাপেন্টাডল ট্যাবলেটসহ দুই মাদক ব্যবসায়ী আটক

আলমডাঙ্গা উপজেলার মাদারহুদা গ্রামে ২৯০ পিস ট্যাপেন্টাডল ট্যাবলেটসহ দুই মাদক ব্যবসায়ীকে আটক করে পুলিশের হাতে তুলে দিয়েছে স্থানীয় গ্রামবাসী।

গতকাল মঙ্গলবার সন্ধ্যা ৭টার দিকে মাদারহুদা গ্রামের ঈদগাহ মাঠের সামনে এ ঘটনা ঘটে। আটককৃতরা হলেন মাদারহুদা গ্রামের মোশারফ হোসেনের ছেলে হিরোন (২৬) এবং কেরামত আলীর ছেলে সবুজ হোসেন। স্থানীয়দের দাবি, তারা এলাকার চিহ্নিত মাদক ব্যবসায়ী।

জানা গেছে, সন্ধ্যার দিকে দুই যুবকের চলাফেরা সন্দেহজনক মনে হলে গ্রামবাসী তাদের আটক করে তল্লাশি চালায়। এসময় তাদের কাছ থেকে ২৯০ পিস ট্যাপেন্টাডল ট্যাবলেট উদ্ধার করা হয়। পরে স্থানীয়রা তাদের আটকে রেখে আলমডাঙ্গা থানা পুলিশকে খবর দেয়।

খবর পেয়ে আলমডাঙ্গা থানা পুলিশ ঘটনাস্থলে পৌঁছে মাদকসহ দুইজনকে গ্রেফতার করে থানায় নিয়ে যায়।

এ ঘটনায় আইনগত প্রক্রিয়া চলমান রয়েছে বলে জানিয়েছে পুলিশ।

দামুড়হুদায় ইয়াবা ও মাদক বিক্রির নগদ টাকাসহ স্বামী- স্ত্রী আটক

দামুড়হুদায় পুলিশের চলমান মাদকবিরোধী অভিযানে ৮ পিস ইয়াবা ও মাদক বিক্রির নগদ ৫ হাজার ১০ টাকাসহ স্বামী-স্ত্রীকে আটক করেছে দামুড়হুদা মডেল থানা পুলিশ। গতকাল শনিবার দিবাগত রাত সাড়ে ১২টার দিকে কলাবাড়ি গ্রামের উত্তরপাড়ার নিজ বাসা থেকে তাদের আটক করা হয়।

আটককৃতরা হলেন দামুড়হুদা উপজেলার কলাবাড়ি গ্রামের উত্তরপাড়ার তাহাজ্জত মোল্লার ছেলে স্বপন আলী (৪০) ও তার স্ত্রী মুন্নী খাতুন (৩৫)।

পুলিশ সূত্রে জানা যায়, দামুড়হুদা মডেল থানার ওসি শেখ মেজবাহ উদ্দিনের নেতৃত্বে গোপন সংবাদের ভিত্তিতে উপজেলার দলিয়ারপুর পুলিশ ক্যাম্পের ইনচার্জ এসআই আক্তার ও এসআই ইব্রাহীম সঙ্গীয় ফোর্সসহ মাদকবিরোধী অভিযান পরিচালনা করেন। এ সময় শনিবার দিবাগত রাত সাড়ে ১২টার দিকে উপজেলার কলাবাড়ি গ্রামের উত্তরপাড়ায় ব্র্যাক অফিসের উল্টো পাশে অবস্থিত নিজ বাড়ি থেকে ৮ পিস ইয়াবা ও মাদক বিক্রির নগদ ৫ হাজার ১০ টাকাসহ মাদক ব্যবসায়ী স্বপন ও মুন্নী দম্পতিকে আটক করা হয়।

তাদের বিরুদ্ধে দামুড়হুদা মডেল থানায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে মামলা দায়ের করা হয়েছে।

এ বিষয়ে দামুড়হুদা মডেল থানার ওসি শেখ মেজবাহ উদ্দিন সত্যতা নিশ্চিত করে বলেন, অবৈধ মাদকদ্রব্য ৮ পিস ইয়াবা ও মাদক বিক্রির ৫